

রূপালী ব্যাংক লিমিটেড

পরিকল্পনা ও গবেষণা বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা।

প্রকা/পগ/অফিস আদেশ/২০২২/০৮

তারিখ : ২৫-০৯-২০২২

অফিস আদেশ

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সেবা প্রদান প্রতিশ্রুতি (CITIZENS' CHARTER) কর্মপরিকল্পনা, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩ এ সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত 'পরিবীক্ষণ কমিটি' পুনঃগঠন/হালনাগাদকরণের নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনা পরিপালনের নিমিত্ত ইতোপূর্বে এ বিভাগ কর্তৃক ০৬-০৩-২০২২ তারিখে গঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত 'পরিবীক্ষণ কমিটি' নিম্নোক্ত নির্বাহী/কর্মকর্তাদের সমন্বয়ে পুনর্গঠন করা হলো-

ক্রম	পদবী ও দায়িত্বপ্রাপ্ত বিভাগ	কমিটিতে অবস্থান
১.	উপ-ব্যবস্থাপনা পরিচালক (পরিকল্পনা ও গবেষণা বিভাগের দায়িত্বপ্রাপ্ত)	সভাপতি
২.	মহাব্যবস্থাপক, অর্থ প্রশাসন বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা	সদস্য
৩.	উপ-মহাব্যবস্থাপক, প্রশাসন ও মানবসম্পদ বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা	সদস্য
৪.	উপ-মহাব্যবস্থাপক, আইসিটি অপারেশনস বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা	সদস্য
৫.	উপ-মহাব্যবস্থাপক, পরিকল্পনা ও গবেষণা বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা	সদস্য সচিব

সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত 'পরিবীক্ষণ কমিটি' APA সংক্রান্ত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, বাস্তবায়নে নিম্নোক্ত কার্যাবলী সম্পাদন করবে-

- ১। সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কার্যক্রম পরিবীক্ষণ এবং বাস্তবায়ন অগ্রগতির ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ নিশ্চিতকরণ;
- ২। আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সভা আয়োজন;
- ৩। সেবা প্রদান প্রতিশ্রুতি প্রতি ত্রৈমাসিকে হালনাগাদকরণ এবং ওয়েবসাইটে প্রদর্শন;
- ৪। ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন করা;
- ৫। স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক অবহিতকরণ সভা আয়োজন।

(মোহাম্মদ জাহাঙ্গীর)

ব্যবস্থাপনা পরিচালক ও সিইও

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

- ১। উপ-ব্যবস্থাপনা পরিচালক (পরিকল্পনা ও গবেষণা বিভাগের দায়িত্বপ্রাপ্ত) এর সচিবালয়, রূপালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা;
- ২। মহাব্যবস্থাপক (অর্থ-প্রশাসন বিভাগের দায়িত্বপ্রাপ্ত) এর সচিবালয়, রূপালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা;
- ৩। উপ-মহাব্যবস্থাপক, রূপালী ব্যাংক লিমিটেড, প্রশাসন ও মানবসম্পদ বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা;
- ৪। উপ-মহাব্যবস্থাপক, রূপালী ব্যাংক লিমিটেড, আইসিটি অপারেশনস বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা;
- ৫। উপ-মহাব্যবস্থাপক, রূপালী ব্যাংক লিমিটেড, পরিকল্পনা ও গবেষণা বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা।